

৩৭

দৈনিক বাংলা

তারিখ ... 15-JUN-1995 ...

পৃষ্ঠা ৬ কলাম ১ ...

**খালেদা জিয়ার নামে
জানগর ভাসিটি
ছাত্রী হলের
নামকরণ দাবী**

মিডিয়া সিক্রেট : জাহাঙ্গীর-
নগর বিশ্ববিদ্যালয়ে নবনির্মিত মহিলা
হলের নামকরণ প্রধানমন্ত্রী বেগম খালেদা
জিয়ার নামে রাখার দাবী জানানো হয়েছে।
এ দাবীতে জাতীয়তাবাদী ছাত্রদল
ক্যাম্পাসে মিছিল ও সমাবেশ করেছে।
বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ক্যাফেটেরিয়া
থেকে শুরু করে মিছিলটি ক্যাম্পাস
প্রদক্ষিণ করে কলা ভবনের সামনে শেষ
হয়। এখানে আয়োজিত সমাবেশে বক্তব্য
রাখেন ছাত্রদল বিশ্ববিদ্যালয় শাখার সভা-
পতি সাবির হোসাইন সান্ধিয়া, সাধারণ
সম্পাদক আসাদ উল্লাহ আসাদ,
সাংগঠনিক সম্পাদক সহিদুর রহমান
বাবু প্রমুখ। বক্তারা বলেন, নবনির্মিত
মহিলা হল স্থাপনের জন্য দেশনেত্রী
প্রধানমন্ত্রী খালেদা জিয়া বিরাট অবদান
রেখেছেন। বিশ্ববিদ্যালয়ে ছাত্রীদের আবা-
সিক সমস্যা নিরসনে তাঁর আন্তরিকতার
স্বীকৃতি দিতে হবে।